এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

চট্টগ্রাম শিক্ষা বোর্ড–২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও)

হিসাববিজ্ঞান : প্রথম পত্র (সৃজনশীল)

'ক' বিভাগ

১. সরোজনী স্টুডিওর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল
সরোজনী স্টুডিও
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	২০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬৫,০০০	৫২,০০০
স্টুডিও যন্ত্রপাতি	৩,০০,০০০	
অফিস সাপ্লাইজ	৯,০০০	
৫% বিনিয়োগ (১.৩.২০১৬)	৬০,০০০	
বেতন খরচ	২৬,০০০	
ভাড়া খরচ (৫/৬ অংশ)	১০,০০০	
পুঞ্জিভূত অবচয়- যন্ত্রপাতি		১০,০০০
অনুপার্জিত সেবা আয়		২৫,০০০
ছবি তোলা হতে আয়		১,১০,০০০
১০% প্রদেয় নোট		৫০,০০০
মূলধন		২,৪৩,০০০
	৪,৯০,০০০	৪,৯০,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে অনুপার্জিত সেবা আয়ের ২০,০০০ টাকা অর্জিত হয়েছে।
(২) অফিস সাপ্লাইজের খরচের পরিমাণ ৬,০০০ টাকা এবং প্রদেয় নোটের উপর সুদ পূর্ণ বছরের বকেয়া রয়েছে।
(৩) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে।
(৪) স্টুডিওর যন্ত্রপাতির ওপর প্রতিমাসে ২,০০০ টাকা হারে অবচয় ধার্য করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(ক) বিনিয়োগের ওপর অনাদায়ী সুদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) সরোজনী স্টুডিওর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ত সমাপ্ত বছরের নিট আয়/ ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) সরোজনী স্টুডিওর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের মালিকানা স্বত্ব ও বহিঃদায় উপস্থাপন কর। ৪

২. জনাব তোফাজ্জেল হোসেনের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত তার ব্যবসায়ের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৫৩,০০০	
ক্রয় ও বিক্রয়	৯০,০০০	১,৬০,০০০
মজুরি	২৮,০০০	
বেতন	৩৫,০০০	
উপযোগ খরচ	৭,০০০	
১২% প্রতিরক্ষা সঞ্চয়পত্র	৪০,০০০	
মেরামত খরচ	৮,০০০	
প্রতিরক্ষা সঞ্চয়পত্রের সুদ		৪,০০০
মনিহারি	৬,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৫০,০০০	৩০,০০০
আসবাবপত্র	৫৭,০০০	
উত্তোলন ও মূলধন	১৮,০০০	১,৯৮,০০০
	৩,৯২,০০০	৩,৯২,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৬৫,০০০ টাকা।

(২) ৯,০০০ টাকার মাল ক্রয় করা হয়েছে, যা যথাযথভাবে হিসাবভুক্ত হয়নি এবং মূল্যও পরিশোধ করা হয়নি।

(৩) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৩,৫০০ টাকা, যা বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

(৪) জনাব তোফাজ্জেল হোসেন নিজস্ব প্রয়োজনে ৪,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন, যা হিসাবভুক্ত হয়নি।

(ক) নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মোট লাভ ৪৯,০০০ টাকা ধরে নিট লাভ/ ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

'খ' বিভাগ

৩. মি. মাহামুদুল্লাহ ২০১৬ সালের ১ মার্চ তারিখে নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ৩৫,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা নিয়ে কারবার শুরু করলেন। প্রতিষ্ঠানটির মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০১৬

মার্চ ২ বাকিতে মাল ক্রয় ৬০,০০০ টাকা।

৫ দাগকাটা চেকের মাধ্যমে মাল বিক্রয় ১,০০,০০০ টাকা।

৬ অফিস ভাড়া প্রদান করা হলো ২১,০০০ টাকা।

১২ নগদে মাল বিক্রয় ৪৫,০০০ টাকা।

১৮ বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ৭,০০০ টাকা।

৩১ অফিস কর্মচারীর বেতন প্রদান ২০,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যবসায়ের ১ মার্চ, ২০১৬ তারিখের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

(খ) ২, ৫, ১৮ এবং ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

(গ) ১, ৫, ৬ এবং ১২ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে কী প্রভাব বিস্তার করে তা ট্যাবুলার ছকে উপস্থাপন কর। ৪

৪. মি. সৈকত একজন ব্যবসায়ী। তাঁর হিসাবপত্রের আলোকে ২০১৬ সালের জুন মাসের লেনদেনগুলোর কয়েকটি নির্বাচন করা হয়েছে। হিসাবচক্রের মৌলিক ধাপ প্রমাণের জন্য নির্বাচিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০১৬

জুন ১ নগদে মূলধন সংযোজন ৩,০০,০০০ টাকা।

৬ মাল ক্রয় বাকিতে ১,৬০,০০০ টাকা।

১২ মাল বিক্রয় বাকিতে ২,০০,০০০ টাকা।

২৫ অফিস ভাড়া চেকের মাধ্যমে পরিশোধ ৩০,০০০ টাকা।

(ক) মি. সৈকতের উল্লিখিত লেনদেনগুলোর জাবেদা দেখাও। ২

(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সংশ্লিষ্ট হিসাবগুলোর খতিয়ান উদ্বৃত্ত দেখাও। ৪

(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল উপস্থাপন কর। ৪

৫. জনাব রেজোয়ান চৌধুরীর হিসাব বই হতে ক্রয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০১৬

এপ্রিল ৯ কুন্তল ব্রাদার্স নোয়াখালী-এর নিকট হতে প্রতিটি ৫০০ টাকা করে ৩০০টি শাড়ি ক্রয়। কারবারি বাট্টা ১০%, চালান নং-১০।

১৩ লালন ক্লথ স্টোর, কুমারখালী, কুষ্টিয়া-এর নিকট হতে প্রতিটি ৭০ টাকা করে ৫০০ পিস তোয়ালে। কারবারি বাট্টা ৮%, চালান নং-১৮।

২৪ সুরভী ক্লথ হাউজ, বরিশাল-এর নিকট হতে প্রতিটি লুঙ্গি ২৫০ টাকা করে ২০০ পিস লুঙ্গি ক্রয়। কারবারি বাট্টা ৫%, চালান নং-২০।

(ক) ক্রয় বাবদ মোট বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপরোক্ত তথ্যাবলির আলোকে জনাব রেজোয়ান চৌধুরীর ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) জনাব রেজোয়ান চৌধুরীর ক্রয় জাবেদাভুক্ত খাতসমূহের সাধারণ খতিয়ান দেখাও। ৪

৬. মেসার্স অলক ট্রেডার্স-এর ২০১৬ সালের জুলাই মাসের হিসাবের বই থেকে নিম্নলিখিত লেনদেনগুলো নেওয়া হলো :

২০১৬

জুলাই ১ নগদ তহবিল ৪৫,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ২৫,০০০ টাকা।

৫ নগদ বিক্রয় ৯০,০০০ টাকা।

১২ ব্যাংকে জমা দেওয়া হলো ৭,০০০ টাকা।

১৫ ৩২,০০০ টাকার একজন দেনাদারের কাছ থেকে পূর্ণ নিষ্পত্তিতে ৩১,৫০০ টাকার একখানা চেক পাওয়া গেল এবং ঐ চেকখানা সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দেওয়া হলো।

১৮ ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ২২,০০০ টাকা এবং প্রদেয় বিল পরিশোধ করা হলো ৯,০০০ টাকা।

২০ ব্যাংক জমাতিরিক্তের সুদ বাবদ পরিশোধ ১২৫ টাকা।

৩১ নগদ উদ্বৃত্তের ২,৫০০ টাকা হাতে রেখে বাদবাকি টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

(ক) ৫ তারিখের দফাটি অবলম্বন করে একটি ক্যাশ মেমোর নমুনা তৈরি কর। ২

(খ) ১২, ১৫, ১৮ এবং ২০ তারিখের লেনদেন কয়টির জাবেদা দাখিলা দাও। ৪

(গ) ১, ১২, ১৫ এবং ৩১ তারিখের লেনদেন কয়টির আলোকে একখানা তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৭. মি. সুজন চৌধুরী একজন ব্যবসায়ী। ২০১৬ সালে ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যাংক হিসাব পর্যালোচনা করে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল :

নগদান বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্ত ২৮,৫০০ টাকা এবং ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪,৫০০ টাকা।

(১) পাওনাদার বরাবর ইস্যুকৃত মোট ৭০,০০০ টাকার তিনটি চেকের মধ্যে ৫০,০০ টাকার চেক দুটি উক্ত মাসে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়নি।

(২) ২,৪০০ টাকার একখানা প্রাপ্য বিল ২,০০০ টাকায় বাট্টা করা হলেও নগদান বইতে পূর্ণ মূল্যে লিপিবদ্ধ হয়েছে।

(৩) দেনাদারের নিকট হতে প্রাপ্ত ১৬,৫০০ টাকার দুটি চেক এবং ১৫,৫০০ টাকার একটি প্রাপ্য বিল ব্যাংকে জমা দেওয়া হলেও এই অর্থবছরে আদায় হয়নি।

(৪) বিনিয়োগের সুদ ১২,৫০০ টাকা ব্যাংক কর্তৃক সরাসরি আদায় হয়েছে, কিন্তু নগদানভুক্ত হয়নি।

(৫) আদায়ের জন্য ৫,০০০ টাকার চেক ব্যাংকে জমা দিলেও নগদানভুক্ত হয়নি।

(৬) ব্যাংক জমাতিরিক্তের সুদ ৬০০ টাকা এবং ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ১,৫০০ টাকা নগদানভুক্ত হয়নি।

(ক) ব্যাংক কর্তৃক অপরিশোধিত চেক এবং অনাদায়ী চেকের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) প্রচলিত পদ্ধতি অবলম্বন করে একখানা ব্যাংক জমার সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) উপরের তথ্য হতে আমানতকারীর হিসাব বইতে ২, ৪, ৫ এবং ৬নং দফাগুলোর জাবেদা প্রস্তুত কর। ৪

৮. **মি. সিফাত এজাজের ২০১৬ সালে ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :**

হিসাবের খাতসমূহ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
সমন্বিত ক্রয়	২,৫০,০০০
বিক্রয়	১,২০,০০০
সমাপনী মজুদ পণ্য	৮০,০০০
সাধারণ সঞ্চিতি	১৪,০০০
প্রিমিসেস	৪৩,০০০
ব্যাংক জমা (১.১.১৬)	৫,০০০
দালানকোঠা	৩০,০০০
বেতন ও মজুরি	১০,০০০

হিসাবের খাতসমূহ	টাকা
বকেয়া বেতন ও মজুরি	১০,০০০
প্রাপ্য সুদ	২০,০০০
১৫% সঞ্চয়পত্র	১০,০০০
দেনাদার বাট্টা সঞ্চিতি	১২,০০০
প্রাপ্য বাট্টা	১,০০০
আয়কর সঞ্চিতি	২২,০০০
লভ্যাংশ প্রাপ্তি	৮,০০০
১২% ঋণ	৫৮,০০০

(ক) কোন কোন আইটেম রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না? ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

(গ) উপরিউক্ত তথ্যের ভিত্তিতে মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯. **২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ব্রাইট লিমিটেডের অনাদায়ী পাওনার পরিমাণ হয়েছিল ৮০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে এই প্রতিষ্ঠানের প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত দাঁড়ায় ৬০,০০০ টাকা। সংশ্লিষ্ট বছরে প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে।**

(ক) অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উল্লিখিত তথ্যের সংশ্লিষ্ট খাতের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ত সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণীতে উপস্থাপন ও ঐ তারিখের আর্থিক বিবরণীতে উপস্থাপন দেখাও। ৪

১০. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুত বিদ্যাসাগর লিমিটেডের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
বেতন	৩০,০০০	
আসবাবপত্র	৪০,০০০	
মূলধন		৬০,০০০
বিক্রয়		১,৬০,০০০
বিক্রিত পণ্যের ব্যয়	৭০,০০০	
মজুরি	৩৫,০০০	
অগ্রিম বিমা	২৫,০০০	
খুচরা যন্ত্রপাতি	২০,০০০	
	২,২০,০০০	২,২০,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) বেতন বাবদ বকেয়া রয়েছে ৬,০০০ টাকা।

(২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ১৫,০০০ টাকা।

(৩) আসবাবপত্র ও খুচরা যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

(ক) অগ্রিম বিমার জের নির্ণয় কর। ২

(খ) উল্লিখিত সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দেখাও। ৪

(গ) ১০ কলামবিশিষ্ট একখানা কার্যপত্র তৈরি কর। ৪

১১. মিসেস তাসলিম জাহান একজন খুচরা ব্যবসায়ী। তিনি তাঁর হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করেন না। তার কারবারের অবস্থা নিম্নরূপ :

সম্পদ ও দায়সমূহ	১.১.২০১৬ টাকা	৩১.১২.২০১৬ টাকা
আসবাবপত্র	৪০,০০০	৫৫,০০০
হাতে নগদ	১২,০০০	২০,০০০
মজুদ পণ্য	৩০,০০০	৩৫,০০০
১২% বিনিয়োগ (১.৭.১৫)	–	৪০,০০০
বিবিধ দেনাদার	৭০,০০০	৫৫,০০০
বিবিধ পাওনাদার	৪৫,০০০	৩২,০০০

মিসেস তসলিম জাহান ১ এপ্রিল মোট ১২,০০০ টাকা নগদ উত্তোলন করেন। তিনি তার ব্যক্তিগত তহবিল থেকে কারবারের জন্য একটি কম্পিউটার কিনলেন ৬০,০০০ টাকা দিয়ে। নতুন আসবাবপত্র কেনা হয়েছে ১.৯.১৬ তারিখে।

অন্যান্য তথ্যাবলি :

(১) মি. আজম আলী একজন এই কারবারের দেনাদার। তার কাছে পাওনা টাকার ৩,০০০ টাকা আর পাওয়া যাবে না। তাছাড়াও অনাদায়ী পাওনা সঞ্চিতি বাবদ ১০% রাখতে হবে।

(২) মূলধন ও উত্তোলনের ওপর যথাক্রমে ১০% ও ৫% হারে সুদ ধার্য করতে হবে।

(৩) আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

(ক) আসবাবপত্রের ওপর অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) প্রারম্ভিক ও সমাপনী মূলধন যথাক্রমে ১,৪৭,০০০ টাকা ও ২,৩৩,০০০ টাকা ধরে সমাপ্ত বছরের লাভ-লোকসান বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) মিসেস তসলিম জাহানের মোট সম্পদের বিবরণী তৈরি কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্তের সাথে নিচের কোন দফাটি বিয়োগ হবে?
ক) ব্যাংক চার্জ
খ) দেনাদার কর্তৃক ব্যাংকে জমা
গ) বিনিয়োগের সুদ
ঘ) ইস্যুকৃত চেক কিন্তু ব্যাংকে উপস্থাপন হয়নি

২. সমন্বিত ক্রয় হলো–
ক) সমাপনী মজুদ + ক্রয় + প্রারম্ভিক মজুদ
খ) প্রারম্ভিক মজুদ – ক্রয় – সমাপনী মজুদ
গ) প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনী মজুদ
ঘ) প্রারম্ভিক মজুদ – ক্রয় + সমাপনী মজুদ

নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:

জনাব মিরাজ ১ জানুয়ারি, ২০১৬ তারিখে ১,০০,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করেন। উক্ত যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় হয় ২০,০০০ টাকা।

৩. যন্ত্রপাতি ক্রয় ভুলবশত আসবাবপত্র হিসাবে ডেবিট করা হলে এটি কোন ধরনের ভুল?
ক) বাদ পড়ার ভুল　খ) পরিপূরক ভুল
গ) লেখার ভুল　ঘ) নীতিগত ভুল

৪. সংস্থাপন ব্যয় মজুরি হিসাবে ডেবিট করা হলে আয় বিবরণীতে কী প্রভাব পড়বে?
ক) মোট আয় হ্রাস পাবে
খ) নিট আয় বৃদ্ধি পাবে
গ) যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি পাবে
ঘ) মোট সম্পদ বৃদ্ধি পাবে

৫. নিচের কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?
ক) সাধারণ সঞ্চিতি
খ) দেনাদার বাট্টা সঞ্চিতি
গ) পাওনাদার বাট্টা সঞ্চিতি
ঘ) অনাদায়ী পাওনা সঞ্চিতি

৬. সমাপনী প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত–
ক) আয়　খ) দায়
গ) ব্যয়　ঘ) সম্পদ

৭. মূলধনজাতীয় ব্যয় কোনটি?
ক) বেতন খরচ　খ) প্রারম্ভিক মজুদ
গ) সম্পত্তি ক্রয়　ঘ) পণ্য ক্রয়

৮. সমাপনী দাখিলার উদ্দেশ্য কী?
ক) সকল হিসাব বন্ধ করা
খ) সকল সম্পদ হিসাব বন্ধ করা
গ) সকল দায় হিসাব বন্ধ করা
ঘ) সকল আয়-ব্যয় হিসাব বন্ধ করা

৯. পুস্তক মূল্য =
ক) ক্রয় মূল্য – মুনাফা
খ) ক্রয় মূল্য – পুঞ্জিভূত অবচয়
গ) ক্রয় মূল্য – ভগ্নাবশেষ মূল্য
ঘ) ক্রয় মূল্য + সংস্থাপন ব্যয়

নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও:

রহিম লি. ১ জানুয়ারি ২০১৫ তারিখে ২,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনের সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা এবং পরিবহন খরচ ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেস মূল্য হবে ২০,০০০ টাকা।

১০. মেশিনটির ক্রয় মূল্য কত?
ক) ২,৪৫,০০০ টাকা　খ) ২,২৫,০০০ টাকা
গ) ২,০৫,০০০ টাকা　ঘ) ২,০০,০০০ টাকা

১১. অবচয় নির্ণয়ে কোন পদ্ধতিতে ভগ্নাবশেষ মূল্য বিবেচনায় আনা হয় না?
ক) সরলরৈখিক পদ্ধতি　খ) বর্ষগুণন পদ্ধতি
গ) ক্রমহ্রাসমান জের পদ্ধতি
ঘ) উৎপাদন একক পদ্ধতি

১২. কোন মূলধনের উপর সুদ ধরা হয়?
ক) বিনিয়োজিত মূলধন　খ) সমাপনী মূলধন
গ) প্রারম্ভিক মূলধন　ঘ) কার্যকরী মূলধন

নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :

নিলয় স্টোর-এর সমাপনী মূলধন ছিল ৩,০০,০০০ টাকা, যা প্রারম্ভিক মূলধনের চেয়ে ৫০,০০০ টাকা কম। চলতি বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ২,৮০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয়ের উপর মুনাফার হার ছিল ২৫%।

১৩. উক্ত বছরের মোট লাভ–
ক) ৭৫,০০০ টাকা　খ) ৭০,০০০ টাকা
গ) ৬২,৫০০ টাকা　ঘ) ৫৬,০০০ টাকা

১৪. ব্যবসায়ের মূলধন হ্রাস পাওয়ার কারণ–
i. চলতি বছরে পরিচালন ব্যয় বৃদ্ধি পাওয়া
ii. চলতি বছরে নিট ক্ষতি হওয়া
iii. চলতি বছরে বিক্রয় বৃদ্ধি পাওয়া

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৫. একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়ের সূত্র কোনটি?
ক) প্রারম্ভিক মূলধন + উত্তোলন – সমাপনী মূলধন
খ) সমাপনী মূলধন + উত্তোলন – প্রারম্ভিক মূলধন
গ) সমাপনী মূলধন + প্রারম্ভিক মূলধন – উত্তোলন
ঘ) সমাপনী মূলধন – প্রারম্ভিক মূলধন – উত্তোলন

১৬. একতরফা দাখিলা পদ্ধতিতে কোন হিসাব সংরক্ষণ করা হয় না?
ক) নামিক হিসাব খ) সম্পত্তি হিসাব
গ) দায় হিসাব ঘ) মূলধন হিসাব

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:
মি. লিমন একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার তথ্যাদি নিম্নরূপ :

	জানুয়ারি ১, ২০১৫ (টাকা)	ডিসেম্বর ৩১, ২০১৫ (টাকা)
চলতি সম্পদ	৬০,০০০	৮০,০০০
স্থায়ী সম্পদ	২৫,০০০	৪০,০০০
দায়	২০,০০০	৩৫,০০০

উক্ত বছরে তিনি অতিরিক্ত মূলধন আনেন ১০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে তার উত্তোলন ছিল ১২,০০০ টাকা।

১৭. উক্ত বছরে কারবারের নিট লাভ কত?
ক) ৯৭,০০০ টাকা খ) ৮৫,০০০ টাকা
গ) ২২,০০০ টাকা ঘ) ১০,০০০ টাকা

১৮. অতিরিক্ত মূলধন ১০,০০০ টাকা বৃদ্ধির ফলে কারবারে কী প্রভাব পড়বে?
i. নগদ তহবিল ১০,০০০ টাকা দ্বারা বৃদ্ধি পাবে
ii. মালিকানা স্বত্ব ১০,০০০ টাকা দ্বারা বৃদ্ধি পাবে
iii. নিট লাভ অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. নিচের কোনটি হতে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জানা যায়?
ক) নগদ প্রবাহ বিবরণী খ) আয় বিবরণী
গ) আর্থিক অবস্থার বিবরণী
ঘ) সংরক্ষিত আয় বিবরণী

২০. অনুপার্জিত আয়–
ক) ব্যয় খ) আয়
গ) সম্পদ ঘ) দায়

২১. মৌলিক হিসাব সমীকরণ কোনটি?
ক) L = A + OE খ) A = L + OE
গ) A = L – OE ঘ) OE = A + L

২২. নিচের কোন লেনদেনটি মালিকানা স্বত্ব বৃদ্ধি করে?
ক) বেতন প্রদান–৫,০০০ টাকা
খ) আসবাবপত্রের অবচয়–৪,০০০ টাকা
গ) বিনিয়োগের সুদ–১,০০০ টাকা
ঘ) ঋণের সুদ–২,০০০ টাকা

২৩. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করার জন্য হিসাববিজ্ঞানের কোন পদ্ধতিটি তুমি প্রয়োগ করবে?
ক) একতরফা দাখিলা পদ্ধতি
খ) বকেয়াভিত্তিক হিসাব পদ্ধতি
গ) নগদভিত্তিক হিসাব পদ্ধতি
ঘ) দু'তরফা দাখিলা পদ্ধতি

২৪. হাসানকে ঋণ প্রদান-এর জাবেদা–
ক) নগদান ডেবিট, হাসান ক্রেডিট
খ) হাসান ডেবিট, ঋণ ক্রেডিট
গ) নগদান ডেবিট, হাসানের ঋণ ক্রেডিট
ঘ) হাসানের ঋণ ডেবিট, নগদান ক্রেডিট

২৫. নগদ প্রাপ্তি জাবেদার বৈশিষ্ট্য–
i. নগদ লেনদেন
ii. বিশেষ জাবেদা
iii. ডেবিট উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:
মি. রানা তার ব্যবসায়ে দুইঘরা নগদান বই সংরক্ষণ করেন। ২০১৫ সালের ৫ জুলাই ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে ২০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে নগদ ৫,০০০ টাকা উত্তোলন করেন।

২৬. ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২০,০০০ টাকা, নগদান বইতে বসবে–
i. ক্রেডিট দিকে ব্যাংকের ঘরে
ii. ক্রেডিট দিকে নগদের ঘরে
iii. ডেবিট দিকে নগদের ঘরে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলনের ফলে আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়বে?
i. মালিকানা স্বত্ব হ্রাস পাবে
ii. নগদ উদ্বৃত্ত হ্রাস পাবে
iii. নিট আয় অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. বিক্রয় জাবেদায় কোন প্রমাণপত্র ব্যবহার করা হয়?
ক) ডেবিট নোট খ) ক্রেডিট নোট
গ) ডেবিট ভাউচার ঘ) চালান

২৯. ব্যাংকে সমন্বয় বিবরণী তৈরি করেন কে?
ক) ব্যাংক খ) প্রদেয় হিসাব
গ) ব্যবসায় প্রতিষ্ঠান ঘ) প্রাপ্য হিসাব

৩০. ব্যাংক সমন্বয় বিবরণী তৈরিতে নিচের কোন বিষয় বিবেচনায় আনা হয়?
ক) দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
খ) জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় হয়নি
গ) সরবরাহকারীকে নগদ প্রদান
ঘ) ব্যাংক চার্জ উভয় বইতে লিপিবদ্ধ হয়েছে